

# 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৫৬

১১/ জানাযা

পরিচ্ছেদঃ অসিয়ত

#### আরবী

وَعَنْ سَعد بنِ أَبِي وَقَاصٍ، قَالَ: جَاءَنِي رسولُ اللهِ عَلَيْ يَعُودُنِي عَامَ حَجَّةِ الوَدَاعِ مِنْ وَجَعِ اشْتَدَّ بي فَقُلْتُ : يَا رَسُولَ اللهِ إِنِّي قَدْ بَلَغَ بي مِنَ الوَجَعِ مَا تَرَى وَأَنَا ذُو مَالٍ وَلا يَرثُني إلا ابْنَةٌ لِي أَفَأَتَصَدَّقُ بِثُلْتَيْ مَالِي ؟ قَالَ لا قُلْتُ : فَالشَّطْرُ يَا رَسُولَ اللهِ ؟ فَقَالَ لا قُلْتُ : فَالشَّطْرُ يَا رَسُولَ اللهِ ؟ فَقَالَ لا قُلْتُ : فَالثُّلُثُ يَا رَسُولَ اللهِ ؟ فَقَالَ لا قُلْتُ كَثِيرٌ أَوْ كَبِيرٌ إِنَّكَ إِنْ تَذَرْ وَرَثَتَكَ أَغنِيَاءَ قُلْتُ : فَالثُّلُثُ مَا اللهِ إلا اللهِ إلاَّ عَنِياءَ مَنْ أَنْ تَذَرَهُمْ عَالَةً يتكفّفُونَ النَّاسَ وَإِنَّكَ لَنْ تُنفِقَ نَفَقَةً تَبْتَغِي بِهَا وَجِهَ اللهِ إلاَّ خَيرٌ مَنْ أَنْ تَذَرَهُمْ عَالَةً يتكفّفُونَ النَّاسَ وَإِنَّكَ لَنْ تُنفِقَ نَفَقَةً تَبْتَغِي بِهَا وَجِهَ اللهِ إلاَّ أَجِرْتَ عَلَيْهَا حَتَّى مَا تَجْعَلُ في فِي ّامْرَأَتِكَ مُتَّفَقٌ عليهِ

#### বাংলা

(১২৫৬) সা'দ বিন আবী অক্কাস (রাঃ) বলেন, বিদায় হজ্জ্বের বছর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আমার রুগ্ন অবস্থায় আমাকে দেখা করতে এলেন। সে সময় আমার শরীরে চরম ব্যথা ছিল। আমি বললাম, হে আল্লাহর রসূল! আমার (দৈহিক) জ্বালা-যন্ত্রণা কঠিন পর্যায়ে পৌঁছে গেছে--যা আপনি স্বচক্ষে দেখছেন। আর আমি একজন ধনী মানুষ; কিন্তু আমার উত্তরাধিকারী বলতে আমার একমাত্র কন্যা। তাহলে আমি কি আমার মাল-সম্পদের দুই তৃতীয়াংশ দান করে দেব? তিনি বললেন, না। আমি বললাম, তাহলে অর্ধেক মাল হে আল্লাহর রসূল! তিনি বললেন, না। আমি বললাম, তাহলে কি এক তৃতীয়াংশ দান করতে পারি?

তিনি বললেন, এক তৃতীয়াংশ (দান করতে পার), তবে এক তৃতীয়াংশও অনেক। কারণ এই যে, তুমি যদি তোমার উত্তরাধিকারীদের ধনবান অবস্থায় ছেড়ে যাও, তাহলে তা এর থেকে ভাল যে, তুমি তাদেরকে কাঙ্গাল করে ছেড়ে যাবে এবং তারা লোকের কাছে হাত পাতবে। (মনে রাখ,) আল্লাহর সম্ভুষ্টি লাভের উদ্দেশ্যে তুমি যা ব্যয় করবে তোমাকে তার বিনিময় দেওয়া হবে। এমনকি তুমি যে গ্রাস তোমার স্ত্রীর মুখে তুলে দাও তারও তুমি বিনিময় পাবে।

### ফুটনোট



## (বুখারী ১২৯৫, ৩৯৩৬, মুসলিম ৪২৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবৃ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন